তারিখ ...2.3 NOV 1994... ...
পৃষ্ঠা 4 কলাম 8 ...

দৈনিক বাংলা

## জনমত

### বেসরকারী কলেজ শিক্ষকদের টাইম স্কেল

একটি বিশেষ সূত্রে জানা গেছে যে, বেসরকারী কলেজে টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে যারা একই কলেজে ১৪ বছর অধ্যাপনা করছেন কেবল তাঁদের ক্ষেত্রেই ৬৩০০/-টাকার স্কেল প্রযোজ্য হবে। কিন্তু যারা বিভিন্ন কলেজে অধ্যাপনা করেছেন তাঁদের অভিজ্ঞতা ১৪ বছর হলেও এ স্কেল তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এ নীতি নির্ধারিত হলে তা হবে অত্যন্ত দুঃখজনক এবং অযৌক্তিক। এক কলেজ ছেড়ে আরেক কলেজে যোগদান করতে হলে একটি শক্তিশালী সিলেকশন কমিটির সামনে লিখিত/মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হয়ে প্রতিযোগীদের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়ে নিয়োগলাভ করতে হয়। এক্ষেত্রে তার যোগ্যতাকে দ্বিতীয়বার পরীক্ষা-নিরীক্ষা করে উপযুক্ত প্রার্থী বলে স্বীকৃতি দেয়া হয়। সুতরাং স্কেল প্রদানের ক্ষেত্রে তাঁদের যোগ্যতা ও অভিজ্ঞতা অবমূল্যায়ন করা কোনক্রমেই উচিত নয়। অভিজ্ঞতা অনভিজ্ঞতাই এর অবমূল্যায়ন করা হলে পেশাগত দিক থেকে যেমন সংশ্লিষ্টরা নিরুৎসাহিত হবেন, তেমনি মানসিক দিক দিয়েও তারা ক্ষতিগ্রস্ত হবেন। তাই বিষয়টি একই নিরিখে মূল্যায়ন করা অবশ্য প্রয়োজন বলে মনি করি।

এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

মোহাঃ ফজলুল হক
জলঢাকা, নীলফামারী।